গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ
www.doict.munshiganj.gov.bd

**মুন্সীগঞ্জ জেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

---

সভাপতি: ফাতেমা তুল জান্নাত
জেলা প্রশাসক

সভার তারিখ: **১৯ সেপ্টেম্বর ২০২৪**

সভার সময়: **দুপুর ১২:১৫ ঘটিকায়**

স্থান: সভাকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ

উপস্থিতি: পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জেলা আইসিটি কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব তানিয়া নূর, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সীগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক : | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | জেলা ওয়েবপোর্টাল হালনাগাদ | প্রোগ্রামার সভায়, সেপ্টেম্বর/২০২৪ মাসের জেলা ওয়েবপোর্টালের রিপোর্ট উপস্থাপন করেন। যে সকল অফিসসমূহের ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদকরণ হয়েছে সভাপতি তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। যে সকল দপ্তরের ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ করা হয়নি তাদেরকে ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ওয়েবপোর্টাল হালনাগাদকরণ ত্বরান্বিত করার লক্ষ্যে জেলার সকল দপ্তরকে পর্যায়ক্রমে এক দিনের ওয়েব পোর্টালের প্রশিক্ষণের জন্য প্রোগ্রামার-কে প্রস্তাব করেন।এ বিষয়ে প্রোগ্রামার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মহোদয়কে আইসিটি শাখা হতে দপ্তরগুলোকে চিঠি প্রেরণ করা যেতে পারে বলে মতামত প্রদান করেন। | ১।জেলার সকল দপ্তরকে ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ করতে হবে। তথ্য হালনাগাদ করার জন্য একটি তাগিদপত্র অতিদ্রুত আইসিটি শাখা হতে প্রেরণ করতে হবে। আইসিটি শাখা এবং জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সম্মিলিতভাবে বিষয়টি তত্ত্বাবধান করবেন এবং এ মর্মে পরবর্তী সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>২। যে সকল দপ্তর এখনো ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত হয়নি তাদেরকে দ্রুত অন্তর্ভুক্ত করতে হবে।<br>৩। নতুন সরকারি দপ্তর বা সরকারি প্রতিষ্ঠান মুন্সীগঞ্জ জেলা ওয়েব পোর্টালের অন্তর্ভুক্ত হতে চাইলে a2i (এটুআই) এর বরাবর আবেদন করতে হবে। নতুন কোন দপ্তরের ওয়েব পোর্টালের আবেদন এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণের কারিগরি সহায়তার প্রয়োজন হলে আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ বরাবর যোগাযোগ করতে হবে।<br>৪। জেলা পর্যায়ের প্রতিটি দপ্তরকে নিয়ে পর্যায়ক্রমে একদিনের (০১) প্রশিক্ষণের জন্য আইসিটি শাখা হতে চিঠি প্রেরণ করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয় এ প্রশিক্ষণ প্রদানে সহযোগিতা করবে। | ১.জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান<br>২.সহকারী কমিশনার (আইসিটি)<br>৩.প্রোগ্রামার<br>৪.সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২। | ডিজিটাল নথি(ডি-নথি) ব্যবস্থাপনা | জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর সকল কার্যক্রম ই-নথি হতে ডি-নথি (ডিজিটাল নথি) স্থানান্তরের কার্যক্রম সম্পন্ন হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহের ই-নথি থেকে ডি নথির স্থানান্তরের কার্যক্রম চলমান রয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা পর্যায়ের যে সকল দপ্তরসমূহে ডি-নথির কার্যক্রম চালু আছে তাদেরকে দাপ্তরিক কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পাদন করতে নির্দেশনা প্রদান করেন এবং বাকী যে সকল দপ্তর ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত হয়নি তাদেরকে দ্রুত ডি-নথি সিস্টেমে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (আইসিটি) ও প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করেন। দাপ্তরিক কার্যক্রম ১০০% ডিজিটাল নথি (ডি-নথি) মাধ্যমে সম্পন্ন করতে জেলা পর্যায়ের প্রতিটি অফিসকে নিয়ে ০১টি ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য কমিটির সকল সদস্যগণ সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। | ১। জেলা পর্যায়ের যে সকল দপ্তরসমূহে ডি-নথির কার্যক্রম চালু আছে তাদেরকে দাপ্তরিক কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পাদন করতে হবে এবং বাকী যে সকল দপ্তর ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত হয়নি তাদেরকে দ্রুত ডি-নথি সিস্টেমে নিয়ে আসতে হবে।<br>২। জেলা পর্যায়ের প্রতিটি অফিসকে নিয়ে পর্যায়ক্রমে জেলা প্রশাসন ও আইসিটি অধিদপ্তরের সহায়তায় ০১টি ডি-নথি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য দপ্তরগুলোকে গ্রুপ করে চিঠি প্রেরণ করতে হবে। | ১.জেলা পর্যায়ের অফিস প্রধান (সকল)<br>২.সহকারী কমিশনার (আইসিটি)<br>৩. প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ মাল্টিমিডিয়া ক্লাসরুম | মাল্টিমিডিয়া ক্লাসরুমে নিয়মিত শিক্ষার্থীদের পাঠদান করা হয় কিনা জেলা শিক্ষা অফিসার নিয়মিত তদারকি করবেন। যে সকল মাল্টিমিডিয়া ক্লাসরুম অচল অবস্থায় আছে জেলা শিক্ষা অফিস, মুন্সীগঞ্জ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে সেগুলো দ্রুত সচল করার ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিটি ইউডিসির আয় ও সেবাসমূহের তথ্যাবলি অনলাইনে প্রতিদিন আপলোড করতে হবে এবং সেবার মান বৃদ্ধি করতে হবে। প্রোগ্রামার ও উপজেলার সহকারী প্রোগ্রামারগণ বিষয়টি মনিটরিং করবেন এবং নিয়মিত পরিদর্শন করবেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত ওয়েবপোর্টাল হালনাগাদ করবেন এবং হালনাগাদকৃত রিপোর্ট উপপরিচালক, স্থানীয় সরকার এর নিকট প্রেরণ করবেন। | ১।মাল্টিমিডিয়া ক্লাশরুমে নিয়মিত শিক্ষার্থীদের পাঠদান করা হয় কিনা জেলা শিক্ষা অফিসারকে নিয়মিত তদারকি করতে হবে।<br><br>২। যে সকল মাল্টিমিডিয়া ক্লাশরুম অচল অবস্থায় আছে জেলা শিক্ষা অফিস, মুন্সীগঞ্জ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে সেগুলো দ্রুত সচল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.জেলা শিক্ষা অফিসার<br>২.প্রোগ্রামার<br>৩.সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৪। | ডিজিটাল সার্ভিস এন্ড এমপ্লয়মেন্ট ট্রেনিং সেন্টার (D-SET) সেন্টার স্থাপনের জন্য জমি বরাদ্দ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর EDC (Establishing Digital Connectivity) প্রকল্পের আওতায় D-SET ( Digital Service Employment And Training) সেন্টার স্থাপনের জন্য জেলায় ২০ কাঠা জমি বরাদ্দ প্রয়োজন। সহকারী কমিশনার (ভূমি) মুন্সীগঞ্জ সদর এর নিকট পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু এখনো জবাব পাওয়া যায়নি। এ বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয় হতে সহকারী কমিশনার (ভূমি) বরাবর পুনরায় তাগিদ পত্র প্রেরণ করতে নির্দেশ প্রদান করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ এর সাথে আলোচনা করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেন। | ১।জমি বরাদ্দের জন্য সহকারী কমিশনার (ভূমি) মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ এর সাথে আলোচনা করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)<br>২.প্রোগ্রামার |
| ৫। | ডিজিটাল ল্যাব | প্রোগ্রামার, আইসটি অধিদপ্তর, মুন্সীগঞ্জ সভায় জানান, জেলার ৮০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব এবং ০৩ টি স্কুল অব ফিউচার আছে। সভাপতি জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং সহকারী প্রোগ্রামারগণকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সময় ডিজিটাল ল্যাব পরিদর্শন করার নির্দেশনা দেন। নতুন করে EDC (Establishing Digital Connectivity) প্রকল্পের অধীনে করে আরও ৯৮ টি ল্যাব স্থাপনের জন্য প্রকল্প দপ্তরে তথ্য প্রেরণ করা হয়। জেলা শিক্ষা অফিসার প্রতিষ্ঠানগুলোতে ডিজিটাল ল্যাবের সংখ্যাবৃদ্ধি করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি)কে প্রস্তাবনা পেশ করেন। সভাপতি, প্রোগ্রামারকে প্রকল্প অফিস বরাবর যোগাযোগ করতে নির্দেশনা প্রদান করেন। ল্যাবগুলো যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য স্থানীয়ভাবে আইসিটি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে কিনা এ মর্মে প্রোগ্রামার প্রস্তাব করেন।অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) জেলা শিক্ষা অফিসারকে এ মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে উৎসাহিত করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং সহকারী প্রোগ্রামারগণ স্কুল পরিদর্শনের সময় ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন। পরিদর্শনের প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয় এবং আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয় , মুন্সীগঞ্জ এ প্রেরণ করতে হবে।<br>২। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান এবং উপজেলা নির্বাহী অফিসারগণ পরিদর্শন প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয় এবং সহকারী প্রোগ্রামারগণ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।<br>৩। ল্যাবের সংখ্যা বৃদ্ধির জন্য প্রকল্প অফিসে যোগাযোগ করতে হবে।<br>৪। জেলা শিক্ষা অফিসার ল্যাবে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে উৎসাহিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. জেলা কর্মকর্তা (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩.প্রোগ্রামার<br>৪. জেলা শিক্ষা অফিসার<br>৫.সহকারী প্রোগ্রামার (সকল) |

<table>
<tr>
<td>৬।</td>
<td>প্রযুক্তি সহায়তায় নারী ক্ষমতায়ন (হারপাওয়ার) প্রকল্প</td>
<td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন) প্রকল্পের মাধ্যমে সারাদেশের ৪৩টি জেলার সদর উপজেলাসহ মোট ১৩০টি উপজেলায় ছয়টি ক্যাটাগরিতে মোট ২৫,১২৫ জন নারীকে ০৫ (পাঁচ) মাসব্যাপী প্রশিক্ষণ ও ১ মাস মেন্টরশীপ প্রদান করা হবে। উপজেলায় পরিচালিত প্রশিক্ষণের কোর্সসমূহঃ
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>প্রশিক্ষণের বিষয়</td><td>ব্যাচের সংখ্যা</td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td></tr>
<tr><td>০১</td><td>IT Service Provider (ISP)</td><td>০৪</td><td>৮০</td></tr>
<tr><td>০২</td><td>Graphics Design (GD)</td><td>০২</td><td>৪০</td></tr>
<tr><td>০৩</td><td>Web Development (WD</td><td>০১</td><td>২০</td></tr>
<tr><td>০৪</td><td>Digital Marketing (DM)</td><td>০১</td><td>২০</td></tr>
<tr><td>০৫</td><td>Women E-commerce Professional (WEP)</td><td>০১</td><td>২৫</td></tr>
<tr><td>০৬</td><td>Women Call Centre Agent (WCCA)</td><td>০১</td><td>২৫</td></tr>
</table>
মুন্সীগঞ্জ জেলায় মুন্সীগঞ্জ সদর, গজারিয়া ও শ্রীনগর উপজেলায় প্রশিক্ষণ চলমান রয়েছে।</td>
<td>১। হার-পাওয়ার প্রকল্প (২য় পর্যায়ের) প্রশিক্ষণের চলমান কার্যক্রম রয়েছে। শীঘ্রই উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের মধ্যে ল্যাপটপ বিতরন করা হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>১. সংশ্লিষ্ট উপজেলা কমিটি<br>২. প্রোগ্রামার<br>৩.সহকারী প্রোগ্রামার (মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, গজারিয়া)</td>
</tr>
<tr>
<td>৭।</td>
<td>সুরক্ষা তথ্য সংশোধন</td>
<td>কোভিড-১৯ ভ্যাক্সিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আইসিটি অধিদপ্তর কর্তৃক ‘সুরক্ষা’ সিস্টেম প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেমের মাধ্যমে নাগরিকগণ সহজেই ভ্যাক্সিন গ্রহণের জন্য নিবন্ধন, টিকা কার্ড ও টিকা সনদ ডাউনলোড করতে পারবেন। সভায় প্রোগ্রামার জানান যে, বর্তমানে সুরক্ষার কার্যক্রম কেন্দ্রীয়ভাবে বন্ধ আছে।তবে জেলা কার্যালয় বরাবর সুরক্ষা সিস্টেমে তথ্য সংশোধনের জন্য নাগরিকগণের আবেদন গ্রহণ করা হচ্ছে।</td>
<td>১। আবেদন পত্র যাচাই বাছাই করে নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্যার সমাধান করতে হবে।</td>
<td>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৮।</td>
<td>উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন</td>
<td>সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করবেন এবং সভার নোটিশ ও কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ করবেন।</td>
<td>১। নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন এবং এর কার্যবিবরণী প্রেরণ করতে হবে।</td>
<td>১। সহকারী প্রোগ্রামার (সকল)<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল)</td>
</tr>
<tr>
<td>৯।</td>
<td>ইডিসি(ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প)</td>
<td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Establishing Digital connectivity” এর মাধ্যমে সারা বাংলাদেশে প্রান্তিক পর্যায়ে মোট ১,১১,৬৯৬ টি প্রতিষ্ঠানে দ্রুতগতির ইন্টারনেট সেবা প্রদান কর হবে।</td>
<td>১। মুন্সীগঞ্জ জেলায় মোট ৯৮৯ টি প্রতিষ্ঠানকে ব্রডব্যান্ড কানেকশনের আওতায় আনার জন্য কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>১। জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)</td>
</tr>
</table>

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০-১০-২০২৪
ফাতেমা তুল জান্নাত
জেলা প্রশাসক
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৫৯০০.০০০.০৬.০০১.২২.৩১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
২। বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত), বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং/গজারিয়া, মুন্সীগঞ্জ।;
৫। সহকারী প্রোগ্রামার, মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং/গজারিয়া, মুন্সীগঞ্জ। এবং
৬। ........................................................... (সকল)।

২২-১০-২০২৪
তানিয়া নূর
প্রোগ্রামার